



পরিষেবা পর্যালোচনা কর্মশালা এবং ফোকাস গ্রুপসমূহ

কাস্টোমার সার্ভিসেস মনিটর

ভালো সেবা আপনি কি দেখে চিনতে পারেন? উত্তরটি হ্যাঁ হলে একজন কাস্টোমার সার্ভিসেস মনিটর হওয়া যাক না কেন?

আমাদের যাবতীয় পরিষেবা যেন যথাযথ মানসম্পন্ন হয় তা নিশ্চিত করতে আমরা আমাদের কাস্টোমার সার্ভিসেস মনিটরস প্রোগ্রাম চালু করেছি। আমরা আমাদের প্রতিশ্রুত সেবা প্রদান করছি কি না তা নিশ্চিত করতে একজন সার্ভিসেস মনিটর হিসেবে আপনার এতে সম্পৃক্ত ভূমিকা থাকবে। উদাহরণস্বরূপ, আপনি গ্রুপের বাগান পরিচর্যা সেবার, অথবা মেসারামতকাজ বা বড় ধরনের কাজের মান মূল্যায়ন টীমের অংশ হতে পারেন। এটি একটি বৈচিত্রপূর্ণ ভূমিকা যা আমাদের কাজের পদ্ধতিতে সত্যিকারের পার্থক্য এনে দেয়।

কাস্টোমার সার্ভিসেস মনিটরগণ রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন, আর অভিজ্ঞতাকে আনন্দময় এবং উপভোগ্য করে তুলতে পর্যাষ্ট সহায়তা তারা পেয়ে থাকেন। আমাদের পরিষেবার মূল অংশগুলো কীভাবে কাজ করে তা দেখার জন্য আপনার যদি কয়েক মাস পর পর কোন কোন দিন বিরতি থাকে — পরিবর্তন ঘটানোর সুযোগ সহকারে — তাহলে কাস্টোমার সার্ভিসেস মনিটর হওয়া সম্ভবত আপনারই জন্য।

আপনি কি আগ্রহী?

আপনি যদি আমাদের কাস্টোমার সার্ভিসেস মনিটরদের কাজ সম্পর্কে আরো জানতে চান, তাহলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সঙ্গে যোগাযোগ করুন।

কাস্টোমার এস্টেট পরিদর্শকগণ — স্থানীয়ভাবে সব ঠিকঠাক রাখা

একজন বাসিন্দা হিসেবে আপনি জানবেন যে আমরা নিয়মিত আমাদের স্কীম এবং এস্টেটগুলো পরিদর্শন করে থাকি — এবং অনেক স্কীম এবং এস্টেট-এ আমরা সরাসরি আপনাদের সঙ্গে অর্থাৎ বাসিন্দাদের সঙ্গে কাজ করি। আপনাদের অভিজ্ঞতা আমাদের পরিষেবাকে ঠিক করে নিতে এবং মানকে উঁচু রাখতে সাহায্য করে। একজন কাস্টোমার এস্টেট ইন্সপেক্টর বা পরিদর্শক হওয়া সম্পৃক্ত হওয়ার এক উত্তম উপায়, যদি প্রতি মাসে বা এরূপ সময় অন্তর এক ঘণ্টা সময় আপনার হাতে থাকে। এবং আপনার নেইবারহুডে ঘটে যাওয়া অনেক বাস্তব পরিবর্তন আপনি দেখতে পাবেন।

আমাদের ইন্সপেক্টরগণ আমাদের রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করেন এবং আপনার সম্পৃক্ততাকে অর্থবহ ও সন্তোষজনক করে তুলতে প্রয়োজনীয় সহায়তা আমরা প্রদান করি।

আপনি কি আগ্রহী?

আপনি যদি আমাদের এস্টেট এবং স্কীম পরিদর্শন কাজ সম্পর্কে আরো জানতে আগ্রহী হন, তাহলে অনুগ্রহ করে 0300 303 1771 নম্বরে রেসিডেন্ট ইনভলভমেন্ট টীমের সঙ্গে যোগাযোগ করুন অথবা ইমেইল করুন এই ঠিকানায়

resident.involvement@shgroup.org.uk

BENGALI-service-review-workshops-and-focus-groups